এস এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

বিষয় ঃ কৃষিশিক্ষা (সৃজনশীল)

সময় ঃ ২ ঘন্টা   পূর্ণমান—৪০

[যে কোন ৪টি প্রশ্নের উত্তর দাও ।]

১। কৃষক মিজান ৫ বছর পূর্বে পারিবারিক খামার শুরু করেন। বর্তমানে তার খামার শাকসবজি চাষ, হাঁস-মুরগি পালন ও গবাদিপশু পালনের মাধ্যমে লাভজনক পর্যায়ে পৌঁছেছে।

(ক) পারিবারিক খামার কাকে বলে ? ১

(খ) পুকুরে হররা টানা হয় কেন ? ২

(গ) উক্ত ব্যক্তির ২য় খামারে স্বাস্থ্য ব্যবস্থাপনা বর্ণনা কর। ৩

(ঘ) অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে উক্ত খামারের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

২। জাকির বাজার থেকে ধান বীজ কিনে এনে বীজতলায় চারা তৈরি করেন এবং মূল জমিতে রোপণ করেন। কিছুদিন পর তিনি তার জমিতে বিভিন্ন উচ্চতার ধানগাছ দেখতে পান। তার ফলনের এ অবস্থা দেখে প্রতিবেশী সাগর জাকিরকে বলে, "তোমাকে আগেই বলেছিলাম আমাদের গ্রামের সমবায় সমিতি থেকে ধানের বীজ সংগ্রহ কর।"

(ক) কৃষি সমবায়ের মূল উদ্দেশ্য কী ? ১

(খ) কৃষি খামার তৈরিতে পর্যাপ্ত জমির প্রয়োজন—ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকের ব্যক্তির জমিতে ভালো ফলন না হওয়ার কারণ কী ? বর্ণনা কর। ৩

(ঘ) উদ্দীপকের পরামর্শই জাকিরের জন্য সহায়ক ছিল—বিশ্লেষণ কর। ৪

৩। জয়নাল তার বসতবাড়ির আঙিনায় একপ্রকার সবজি চাষ করে। যা ভাতের বিকল্প হিসেবে বিভিন্ন সুস্বাদু খাবার যেমন- সিঙ্গারা, চিপস ইত্যাদি তৈরি করে খাওয়া যায়। এটি দোআঁশ ও বেলে মাটিতে ভালো জন্মায়।

(ক) অ্যালজি কি ? ১

(খ) পশুপাখির উৎপাদন বৃদ্ধিতে সম্পূরক খাদ্য দেওয়া হয় কেন ? ২

(গ) উক্ত ব্যক্তির চাষকৃত সবজিটির জমি প্রস্তুতি বর্ণনা কর। ৩

(ঘ) উল্লেখিত সবজিটির অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪। সফীপুর ও সেলিমপুর দুটি পাশাপাশি গ্রাম। দুই গ্রামের অধিকাংশ মানুষই কৃষিকাজ করেন। জনসংখ্যা বৃদ্ধি পাওয়ায় মাথাপিছু জমির পরিমাণ কমে আসছে। ক্ষুদ্র ক্ষুদ্র জমিতে চাষ করায় অনেক সমস্যা হওয়াতে সফীপুরের কৃষকগণ সমবায় কৃষি খামার গড়ে তোলে। কিন্তু সেলিমপুরের লোকজনের নিজেদের মধ্যে সমঝোতা না থাকায় তারা তা করতে ব্যর্থ হয়।

Copyright © Shah Jamal

(ক) সমবায়ের ভিত্তি কী ? ১

(খ) কখন কৃষি সমবায়ের অকাল মৃত্যু ঘটতে পারে ? ২

(গ) সফীপুরের কৃষকগণ কীভাবে পানি সেচ দিতে পারে ? ৩

(ঘ) সফীপুরের কৃষকগণ কী কী সুবিধা পেতে পারে যা সেলিমপুরের লোকজন পারে না? বিশ্লেষণ কর। ৪

৫।



চিত্রঃ-ক

চিত্রঃ খ

(ক) আমাদের দেশে কয় জাতের শাকসবজি চাষ করা হয় ? ১

(খ) সরিষা বীজ বপনের সময় বালি বা ছাই লাগে কেন ? ২

(গ) চিত্র-১ এর সবজিটি কীভাবে চাষ করা যায় ? বর্ণনা কর। ৩

(ঘ) বাংলাদেশের প্রেক্ষাপটে উল্লেখিত সবজিদ্বয় চাষের গুরুত্ব আলোচনা কর। ৪

৬। নাহিয়ান একজন বর্গা চাষী। সে যার কাছ থেকে জমি বর্গা পায় তার জমিই কোন প্রকার মাটির গুণাগুণ পরীক্ষা ছাড়াই নিজের মন মতো ফসল চাষ করে। তবে কোন জমিতেই সে আশানুরূপ ফলন পায় না।

(ক) খাদ্য সংরক্ষণ কী ? ১

(খ) ফসল উৎপাদনে বীজ শুকানো অপরিহার্য কেন ? ২

(গ) উদ্দীপকের ব্যক্তিটির আশানুরূপ ফলন না পাওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩

(ঘ) উক্ত ব্যক্তিটি কীভাবে তার জমিতে ভালো ফসল চাষ করতে পারবে—বিশ্লেষণ কর। ৪

Copyright © Shah Jamal

এস এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৩৫ মিনিট **বিষয় ঃ কৃষিশিক্ষা (বহুনির্বাচনি)** **পূর্ণমান—৩৫**

[উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (০) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর]

১. সমবায়ের ভিত্তিতে কার পরামর্শ নেয়া যাবে ?
i. উপজেলা কৃষি কর্মকর্তার ii. উপজেলা থানা কর্মকর্তা
iii. উপজেলা পশুপালন কর্মকর্তা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

২. শৈত্য সহিষ্ণু ধান কোনটি ?
ক ব্রি ধান-৩২ খ ব্রি ধান-৩৬
গ ব্রি ধান-৩৭ ঘ ব্রি ধান-৪০

৩. আলু কেটে গেলে কীভাবে কাটা উচিত ?
ক তাড়াতাড়ি খ লম্বালম্বি
গ কোণাকোণি ঘ গোলগোল

৪. পারিবারিক খামারে কোন বিষয়টি প্রাধান্য পায় ?
ক পারিবারিক খ বাণিজ্যিক
গ সামাজিক ঘ রাষ্ট্রীয়

নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :
শফিকের গাভীটি কয়েকদিন হলো বাচ্চা দিয়েছে। কিন্তু পর্যাপ্ত দুধ দিচ্ছে না। এজন্য সে ভিন্ন ভিন্ন গোয়াল কর্তৃক দুধ দোহন করাচ্ছে।

৫. গাভীটি পর্যাপ্ত দুধ না দেয়ার কারণ কী ?
ক গাভীটি খুবই অসুস্থ
খ গাভীটি সঠিকভাবে না বাঁধা
গ দোহন সময়ের পূর্বেই দুধ দোহন
ঘ ভিন্ন ভিন্ন গোয়াল দ্বারা দুধ দোহন

৬. গাভীটির যত্নে করা উচিত—
i. গাভীকে সুষম খাবার দেয়া ii. সংক্রামক রোগের টিকা দেয়া
iii. দুধ দোহনের সময় গাভীকে উত্তেজিত করা
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ ii ও iii

৭. মিনি পুকুরের/ছোট পুকুরের ক্ষেত্রফল সাধারণত হয়—
ক ৪৮ মিটার খ ৫৮ মিটার
গ ৬৮ মিটার ঘ ৭৮ মিটার

৮. ভূমিক্ষয়ের অসুবিধা—
i. উর্বরতা নষ্ট ii. ফলন কমা
iii. কৃষি যন্ত্রপাতি ব্যবহারে অসুবিধা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৯. বীজের আর্দ্রতা কত হলে অঙ্কুরোদগম শুরু হয় ?
ক ২৫-৪০% খ ৩৫-৬০%
গ ৪৫-৭০% ঘ ৫০-৮০%

১০. সর্দি কাশিতে উপকারী উদ্ভিদ কোনটি ?
ক কালোমেঘ খ থানকুনি
গ অর্জুন ঘ তুলসী

১১. মুরগির জন্য বৃদ্ধি রেশন তৈরির ক্ষেত্রে শতকরা কতভাগ গমের ভুসি দেয়া হয় ?
ক ৪% খ ৬%
গ ৮% ঘ ১০%

১২. বীজ উৎপাদনের জন্য নির্বাচিত জমি ও পার্শ্ববর্তী একই ফসলের জমির মধ্যে নির্দিষ্ট দূরত্বের ব্যবধান রাখতে হয় কেন ?
ক চলাচলে সুবিধার জন্য
খ পর্যাপ্ত আলো বাতাসের জন্য
গ অন্য জাতের বীজ সংমিশ্রণ না ঘটার জন্য
ঘ পোকার আক্রমণ থেকে রক্ষা পাওয়ার জন্য

১৩. গাছের কোন অবস্থায় সাইলেজ করা হয় ?
ক ফুল আসলে খ ফল পাকলে
গ চারা অবস্থায় ঘ কোনটিই নয়

১৪. আদা উত্তোলনের সময় কখন ?
ক ডিসেম্বর-জানুয়ারি খ জানুয়ারি-ফেব্রুয়ারি
গ মার্চ-এপ্রিল ঘ এপ্রিল-মে

১৫. আদর্শ পুকুরের পাড়গুলোর ঢাল হবে-
ক ১ : ১ খ ১ : ২ গ ১ : ৩ ঘ ২ : ৫

১৬. বাংলাদেশের স্বাদু পানির মাছের প্রজাতির মধ্যে কতটি প্রজাতি সংকটাপন্ন বলে চিহ্নিত করা হয়েছে ?
ক ১২টি খ ১৪টি
গ ১৬টি ঘ ১৮টি

১৭. বিরূপ পরিবেশে ফসল উৎপাদনের পূর্বশর্ত কোনটি ?
ক সঠিক জমি নির্বাচন খ যথাযথ পরিচর্যা করা
গ উপযোগী ফসল নির্বাচন ঘ অধিক পরিমাণ সার প্রয়োগ

১৮. তাপমাত্রা বৃদ্ধি পেলে মাছ কোনটিতে সাড়া দেয় না ?
ক কৃত্রিম প্রজননে খ প্রাকৃতিক প্রজনন
গ খাদ্য গ্রহণ ঘ বৃদ্ধি

১৯. সামুদ্রিক মাছের উৎকৃষ্ট আবাসস্থল কোনটি ?
ক পানি খ বালি
গ শৈবাল ঘ প্রবাল

২০. খরা মৌসুমের পূর্বে কোনটি তৈরি করতে হবে ?
ক কুঁড়া খ ভাতের দেন
গ সবুজ অ্যালজি ঘ গমের ভুসি

২১. ঘাসে বিষক্রিয়া দেয়া দেয় কখন ?
ক খরায় খ বন্যায়
গ জলোচ্ছ্বাসে ঘ লবণাক্ততায়

২২. ধানের স্থানীয় উন্নত জাত—
i. কটক তাড়া ii. কালিজিরা
iii. টেপি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. বাংলাদেশে কয়টি প্রজাতির পোকা বেগুন ফসলের ক্ষতি করে থাকে ?
ক ১০টি খ ১৬টি
গ ২০টি ঘ ২৬টি

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :
খেতে অত্যন্ত সুস্বাদু একটি মাছ, যা আঁইশবিহীন ১৫-৩০ সেমি লম্বা, সামনের দিকে দু'জোড়া লম্বা গোঁফ থাকে।

Copyright © Shah Jamal
http://teachingbd.com

২৪. মাছটির নাম কী ?

ক) পাবদা　খ) খইলশা
গ) পুঁটি　ঘ) কৈ

২৫. মাছটির দৈহিক বৈশিষ্ট্য—

i. রং উপরিভাগে ধূসর রূপালি ii. পেটের দিক সাদা
iii. কানকার পেছনে লাল ফোঁটা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　খ) ii ও iii　গ) i ও iii　ঘ) i, ii ও iii

২৬. জাবরকাটা প্রাণি কোনটি ?

ক) সিংহ　খ) ভেড়া
গ) উট　ঘ) হরিণ

২৭. বদহজম ও আমাশয় রোগ নিরাময়ের জন্য ব্যবহৃত হয় কোন উদ্ভিদ ?

ক) বাসক　খ) তুলসী
গ) থানকুনি　ঘ) কালোমেঘ

২৮. বাংলাদেশের কোন ধরনের বনভূমির পরিমাণ সবচেয়ে বেশি ?

ক) পাহাড়ি বন　খ) ম্যানগ্রোভ বন
গ) গ্রামীণ বন　ঘ) সমতলভূমির বন

২৯. গ্রোয়িং স্টোক কী ?

ক) বনে মজুদ কাঠের পরিমাণ
খ) বনে মজুদ গাছের পরিমাণ
গ) বনে মজুদ পাতার পরিমাণ
ঘ) বনে মজুদ সম্পদের পরিমাণ

৩০. কাঠের স্থায়িত্ব দীর্ঘায়িত করার জন্য কোনটি করা হয় ?

ক) কাটা হয়　খ) সিজনিং করা হয়
গ) স্তূপ করে রাখা হয়　ঘ) ওষুধ ছিটানো হয়

৩১. বন্যপ্রাণি শিকারের বিরুদ্ধে সবচেয়ে কষ্টকর পদক্ষেপ কোনটি ?

ক) ব্যালট পোস্টারিং করা
খ) কর্মশালার আয়োজন করা
গ) রেডিও টেলিভিশনে প্রচারণা চালানো
ঘ) সভা সমাবেশের আয়োজন করা

৩২. কৃষি উৎপাদনশীলতা বিশ্বমানে উন্নীত করতে প্রয়োজন ?

ক) সার　খ) জলাধার
গ) কীটনাশক　ঘ) কৃষিযন্ত্রপাতি

৩৩. গুদামে সংরক্ষিত মাছের খাদ্য মেঝে থেকে কত সেমি উপরে পাটাতনে রাখতে হয় ?

ক) ১০°-১২° সে.　খ) ১২°-১৫° সে.
গ) ১৫°-১৮° সে.　ঘ) ১৮°-২০° সে.

৩৪. একটি গরুকে দৈনিক কত কেজি ইউরিয়া মিশ্রিত খড় খাওয়াতে হবে ?

ক) ১-২ কেজি　খ) ২-৩ কেজি
গ) ৩-৪ কেজি　ঘ) ৪-৫ কেজি

৩৫. সরিষার প্রধান ক্ষতিকারক পোকা কোনটি ?

ক) বিছা পোকা　খ) মাজরা পোকা
গ) জাব পোকা　ঘ) গান্ধি পোকা

Copyright © Shah Jamal